গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
আনসারী ভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা
www.heu.gov.bd

স্মারক নং-৪৫.০৫.০০০০.০০৫.১১.০০১.২৩.৫০৩ তারিখ: ১০/০৯/২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (৪র্থ এইচপিএনএসপি) এর অধীন ''হেলথ্ ইকনোমিক্স এন্ড ফিন্যান্সিং (এইচইএফ)'' অপারেশনাল প্ল্যান (ওপি) এর আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ৪র্থ এইচপিএনএসপি'র সংশোধিত মেয়াদ ৩০ জুন, ২০২৪ পর্যন্ত সময়ের জন্য নিম্নোক্ত শূন্য পদ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত স্থায়ী বাসিন্দা / নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের শর্তসাপেক্ষে অনলাইনে **http://heu.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম (গ্রেড) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতন | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | ফিল্ড সুপারভাইজার | ২ (দুই) টি | ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) অনুযায়ী সর্বসাকুল্যে ২১,৭০০/- টাকা। তবে সাকুল্য বেতনের সর্বশেষ সার্কুলার অনুসরণীয় হবে। | অনূর্ধ্ব ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি বা সমমান। স্বাস্থ্য সেক্টরে মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। প্রার্থীর বয়স: ০১/০৯/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর নির্ধারিত সীমার মধ্যে থাকতে হবে।

২। সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৫। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নে বর্ণিত (ক্রমিক ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভারমেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card);

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্কের ধারাবাহিকতা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(জ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র, নৃগোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

৬। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.heu.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে sms এর মাধ্যমে জানানো হবে।

৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

৮। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১১। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। কর্তৃপক্ষ প্রয়োজনে এ বিজ্ঞপ্তির যে কোন শর্ত আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন ও পরিবর্তন এবং বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।

১৩। এ নিয়োগ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য)। প্রকল্পের মেয়াদশেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে।

১৪। Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://heu.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার 'ফি' জমাদান শুরুর তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২৩, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার 'ফি' জমাদানের শেষ তারিখ: ০৫ অক্টোবর, ২০২৩, বিকাল ০৪:০০ ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার 'ফি' জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ, সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার 'ফি' প্রদান :

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন 'ফি' জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন 'ফি' জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন

'ফি' জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার 'ফি' বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৪.০০ (চৌত্রিশ) টাকা সহ অফেরতযোগ্য সর্বমোট ৩৩৪.০০ (তিনশত চৌত্রিশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার 'ফি' জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম **SMS**:

HEU<space>User **ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: HEU ABCDEF **& send to 16222**

**Reply**: Applicant's Name, TK. 334/- will be charged as application fee. Your PIN is 12345678,

To pay fee Type HEU <space>Yes<space> **PIN** and Send to 16222 নম্বরে।

দ্বিতীয় **SMS:**

HEU<space>**Yes**<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: HEU Yes **12345678**

**Reply:** Congratulations Applicant's Name. Payment Completed Successfully for HEU Application for (Post Name) User ID is ( ABCDEF) and Password **(xxxxxxxx).**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://heu.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**User ID জানা থাকলে:**

(i) **HEU**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222
Example: HEU Help User ABCDEF & send to 16222

(ii) **PIN Number জানা থাকলে:**
**HEU**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222
Example: HEU Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও HEU'র ওয়েবসাইট http://heu.teletalk.com.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd অথবা HEU ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www. heu.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং dd1@heu.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর subject-এ Organization Name: HEU Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন 'ফি' জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৬। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. মো. এনামুল হক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২৩৩৫৪৯০৮
ই-মেইল: dg@heu.gov.bd